



জনসংযোগ উপবিভাগ

বাংলা একাডেমি

ঢাকা ১০০০ ফোন : ৫৮৬১১২৪৮ ফ্যাক্স : ৯৬৬১০৮০

ই-মেইল : banglaacademy.pr@gmail.com, bacademy55@gmail.com, ওয়েব সাইট : www.banglaacademy.gov.bd

পত্র সংখ্যা :

তারিখ : ১১.১০.২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

লেখক ও গবেষক অধ্যাপক গোলাম সামদানী কোরায়শীর ৩০তম মৃত্যুবার্ষিকী



খ্যাতিমান লেখক ও গবেষক অধ্যাপক গোলাম সামদানী কোরায়শীর ৩০তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে বাংলা একাডেমি আজ ২৬শে আশ্বিন ১৪২৮/১১ই অক্টোবর ২০২১ সোমবার বিকেল ৫:০০টায় একাডেমির কবি শামসুর রাহমান সেমিনার কক্ষে তাঁর জীবন ও সৃষ্টি নিয়ে আলোচনার আয়োজন করে। আলোচনা করেন কথাসাহিত্যিক সেলিনা হোসেন এবং অধ্যাপক বিজ্ঞত রহমান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী কে এম খালিদ এমপি। ধন্যবাদ জ্ঞাপন করেন গোলাম সামদানী কোরায়শীর পুত্র কবি ইয়াজদানী কোরায়শী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলা একাডেমির মহাপরিচালক কবি মুহম্মদ নূরুল হুদা।

স্বাগত ভাষণে নূরুল্লাহার খানম বলেন, গোলাম সামদানী কোরায়শী একজন বিস্মিতপ্রায় বঙ্গীয় মনীয়ী। তাঁকে স্মরণ মানে আমাদের ইতিহাসের প্রগতিবাদী ধারাকে শক্তিশালী করা।

আলোচকবৃন্দ বলেন, গোলাম সামদানী কোরায়শী ছিলেন মুক্তমনের প্রাঞ্জপুরুষ। ধর্মীয় শিক্ষা তাঁকে ধর্মের উদার মর্ম আস্বাদন এবং সুমানবিক জীবন গঠনে প্রণোদনা জুগিয়েছে। তাঁরা বলেন, গোলাম সামদানী কোরায়শীর অবদান বহুমাত্রিক। তিনি ড. মুহম্মদ শহীদুল্লাহৰ আঞ্চলিক ভাষার অভিধান প্রকল্পে কাজ করেছেন, ময়মনসিংহ এবং জাতীয় স্তরে শিক্ষক আন্দোলন সংগঠনে ভূমিকা রেখেছেন। ছড়া, গল্প, নাটক, জীবনী, প্রবন্ধ, অনুবাদ এবং সম্পাদনাকর্মে সমান স্বাচ্ছন্দ্য গোলাম সামদানী কোরায়শীর বহুবিস্তারী মননের পরিচয়বহ।

প্রধান অতিথির বক্তব্যে কে এম খালিদ এমপি বলেন, গোলাম সামদানী কোরায়শী বর্তমানে বহুলপঠিত নন, অনেকটা বিস্মিত বলা চলে, কিন্তু বাংলাদেশের খুবই গুরুত্বপূর্ণ একজন লেখক তিনি; তাঁকে নিয়ে এই আলোচনা সভা আয়োজন করার জন্য বাংলা একাডেমিকে ধন্যবাদ জানাই। বাংলাদেশ ও বাঙালি জাতিরাষ্ট্রে স্বতন্ত্র ভাষা ও সাহিত্য নির্মাণে যে সকল লেখক বুদ্ধিজীবী কৃতিত্বপূর্ণ অবদান রেখেছেন, তাঁদের খণ্ড আমরা কিছুটা হলেও শোধ করতে পারি তাঁদের লেখালেখি ও স্মৃষ্টিশীল কাজের চর্চার মধ্য দিয়ে। তাই গোলাম সামদানী কোরায়শীর মতো মনস্বী লেখকদের নিয়ত ও নিয়মিত চর্চা এবং পাঠের কোনো বিকল্প নেই।



ধন্যবাদ জ্ঞাপন করে কবি ইয়াজদানী কোরায়শী বলেন, গোলাম সামদানী কোরায়শীকে জাতীয় পরিসরে স্মরণ করে বাংলা একাডেমি একটি গুরুত্বপূর্ণ পালন করেছে।

সভাপতির বক্তব্যে কবি মুহম্মদ নূরুল হুদা বলেন, গোলাম সামদানী কোরায়শী একজন রেনেসাঁ-মানব। তাঁর বহুমাত্রিক সৃজনকর্মের মধ্যে ছোটদের বঙবন্ধু এবং দুইখণ্ডে অনুদিত আল মুকাদ্দিমা বিশেষ উল্লেখযোগ্য। এছাড়া তাঁর অসামান্য আতজীবনী সিদ্ধুর এক বিন্দু একটি কালের ইতিহাস ধারণ করেছে।

সমীর কুমার সরকার
পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ, তথ্যপ্রযুক্তি ও প্রশিক্ষণ বিভাগ
বাংলা একাডেমি, ঢাকা